

# যুগান্তর

## নবম বর্ষে পদার্পণ করলো ওপেনস্ট্যাক ক্লাউড

আইটি ডেস্ক ২৯ জুলাই ২০১৯, ১৪:৫৫ | অনলাইন সংস্করণ



নবম বর্ষে পদার্পণ করলো ওপেনস্ট্যাক ক্লাউড

যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক মহাকাশ গবেষণা সংস্থা নাসা ও রেকম্পেসের যৌথ প্রজেক্ট হিসেবে ২০১০ সালে প্রথম যাত্রা শুরু করে ওপেন সোর্স ভিত্তিক ক্লাউড প্ল্যাটফর্ম ওপেনস্ট্যাক।

দক্ষতার সঙ্গে আট বছর পেরিয়ে নবম বর্ষে পদার্পণ করলো প্রতিষ্ঠানটি। জন্মদিন উপলক্ষে সম্প্রতি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স রিসার্চ ল্যাবে ওপেনস্ট্যাক ক্লাউড বিষয়ক একটি কর্মশালার আয়োজন করেছে ওপেনস্ট্যাক বাংলাদেশ।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো: আবদুল মোত্তালিব।

তিনি নিজস্ব ক্লাউড তৈরির উপর গুরুত্ব আরোপের পাশাপাশি দেশব্যাপী সকল বিশ্ববিদ্যালয়ে ক্লাউড কম্পিউটিং শিক্ষার গুরুত্বারোপ করেন।

বাংলাদেশের অধিকাংশ কর্পোরেট ও মাল্টিন্যাশনাল কোম্পানিগুলোর উর্ধ্বতন আইটি কর্মকর্তা এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের

শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত কর্মশালাটি পরিচালনা করেন ওপেনস্ট্যাক বাংলাদেশ গ্রুপের অর্গানাইজার ও প্লেক্সাস ক্লাউডের সিইও মোবারক হোসাইন। তিনি বলেন 'ক্লাউড ভিত্তিক সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে আগামী ২০২২ সালের মধ্যে সফটওয়্যার খাতে প্রায় ১২ লাখ ১৪ হাজার ১৭৮ কোটি টাকা আয়ের সম্ভাবনা রয়েছে। যা বাংলাদেশের ২০১৯-২০ অর্থবছরের বাজেটের প্রায় দুই গুনেরও বেশি। ফলে সফটওয়্যার ইঞ্জিনিয়ারদের আয়ের বিরাট সম্ভাবনার দ্বার উন্মোচিত হচ্ছে। এছাড়াও তিনি ওপেনস্ট্যাক বাংলাদেশের পক্ষ থেকে ব্র্যাক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

কর্মশালা শেষে প্রশিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ ও কেক কেটে ওপেনস্ট্যাকের নবম জন্মবর্ষ উদযাপন করেন অতিথিবৃন্দ।

এ সময় উপস্থিত ছিলেন, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো: আবদুল মোত্তালিব, একই বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর ড. মো: মোতাহারুল ইসলাম, ড. মো: গোলাম রবিউল আলম এবং জান্নাতুন-নূরমুক্তা প্রমুখ।